Bangabandhu Sheikh Mujibur Rahman Digital University

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

Website for Application: https://admission.bdu.ac.bd

স্মারক নং- ৩৭.০১.৪১০৪.০০০.৪৪.০০৮.১৯-২১১

তারিখ: ২৯/০৯/২০১৯

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর প্রকৌশল অনুষদের অধীনে ব্যাচেলব অব সায়েন্স ইন আইওটি এবং শিক্ষা ও গবেষণা অনুষদ-এর অধীনে ব্যাচেলর অব সায়েন্স ইন আইসিটি ইন এডুকেশন বিভাগে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) শ্রেণীতে প্রথম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে। **আগ্রহী প্রার্থীরা আবেদন ফি ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে পারবে। ভর্তি'র বিস্তারিত তথ্য https://admission.bdu.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।**

আবেদনের সময়ঃ ০১ অক্টোবর ২০১৯ সকাল ১০টা থেকে ২১ অক্টোবর ২০১৯ রাত ১০টা পর্যন্ত।

আসন বিন্যাস

অনুষদ	বিভাগ	প্রোগ্রাম	আসন সংখ্যা
প্রকৌশল	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ব্যাচেলব অব সায়েন্স ইন আইওটি	৫০
শিক্ষা ও গবেষণা	শিক্ষা	ব্যাচেলর অব সায়েন্স ইন আইসিটি ইন এডুকেশন	৫০

০১. ভর্তির আবেদনের যোগ্যতা:

ক. ২০১৬/২০১৭ সালে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (বিজ্ঞান শাখায়) এবং ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (বিজ্ঞান শাখায়) ৪র্থ বিষয় সহ নূন্যতম জিপিএ ৯.০০ থাকতে হবে। গণিত ও পদার্থ বিজ্ঞান বিষয়ে জিপি ৩.৫০ এবং ইংরেজি বিষয়ে জিপি ৩.০০ থাকতে হবে।

খ. ২০১৬/২০১৭ সালের O Level পরীক্ষায় চারটি বিষয়ে "বি" গ্রেডসহ সকল বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯ সালের A Level পরীক্ষায় দুটি বিষয়ে 'বি' গ্রেড এবং একটি বিষয়ে 'সি' গ্রেড প্রাপ্ত প্রর্থীরা আবেদন করতে পারবে। তবে প্রর্থীদের ভর্তি'র অন্যান্য শর্ত পূরণ করতে হবে। প্রার্থীকে Manual Application মেনুতে ক্লিক করে Manual Application ফরম এর সকল ডাটা এন্ট্রি করে যথাযথ ভাবে আবেদন করতে হবে এবং Verification এর জন্য ইউনিভার্সিটিতে আসতে হবে। পরবর্তীতে Marks Verification এর তারিখ ওয়েবসাইটে জানানো হবে।

গ. বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও আবেদন করতে পারবে। এক্ষেত্রে প্রার্থীকে Manual Application মেনুতে ক্লিক করে Manual Application ফরম এর সকল ডাটা এন্ট্রি করে যথাযথ ভাবে আবেদন করতে হবে।

০২. ভর্তি পদ্ধতি ও মেধাক্রম:

ক. আবেদনকৃত প্রর্থীদের মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে প্রর্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ. একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে নিম্নোক্ত নিয়ম এর অনুসরণ করে মেধাক্রম তৈরি করা হবে।

ধাপ-০১: ৪র্থ বিষয়সহ মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার প্রাপ্ত জিপিএ'র যথাক্রমে ৪০% ও ৬০% এর ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	১
১১২	৫	৪.৮	২+২.৮৮=৪.৮৮	২

ধাপ ০২: ৪র্থ বিষয়সহ মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% এর ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ(৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮১০	৩২৮+৪৮৬=৮১৪	২

ধাপ ০৩ (ক): উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় প্রথমে **Math** ও পরবর্তীতে **Physics** এর জিপি'র ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ(৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের(৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	HSC গনিত ও পদার্থ এর জিপি'র ক্রমানুশারে	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৪.৮ পদার্থ ৪.৭	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৪.৭ পদার্থ ৪.৮	২

ধাপ ০৩ (খ): উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় প্রথমে **Math** ও পরবর্তীতে **Physics** এর নম্বর এর ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	HSC গনিত ও পদার্থ এর জিপি'র ক্রমানুশারে	HSC গনিত ও পদার্থ এর নম্বর এর ক্রমানুশারে	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৪.৮ পদার্থ ৪.৮	গনিত ৮১ পদার্থ ৮০	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৪.৮ পদার্থ ৪.৮	গনিত ৮০ পদার্থ ৮১	২

ধাপ ০৪: উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় **English** এর প্রাপ্ত নাম্বরের ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট=SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট=SSC তে প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	HSC গনিত ও পদার্থ এর জিপি'র ক্রমানুশারে	HSC গনিত ও পদার্থ এর নম্বর এর ক্রমানুশারে	HSC English নম্বর এর ক্রমানুশারে	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৪.৮ পদার্থ ৪.৮	গনিত ৮১ পদার্থ ৮১	৮১	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৪.৮ পদার্থ ৪.৮	গনিত ৮১ পদার্থ ৮১	৮০	২

গ) এই ভর্তি প্রক্রিয়ায় পর্যায়ক্রমে প্রথম মেধাতালিকা, আসন শূন্য থাকা সাপেক্ষে দ্বিতীয় বা তার অধিক মেধা তালিকা প্রণয়নের মাধ্যমে সম্পন্ন করা হবে (কোটার ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে)।

৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন পূরণ সম্পর্কিত করণীয়:

ক) প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) এ গিয়ে Apply অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক /সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাশের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। **রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন হলে মোবাইল এ ইউজার আইডি ও পিন চলে যাবে। মোবাইল এ প্রাপ্ত ইউজার আইডি ও পিন এর মাধ্যমে লগইন করে আবেদন ও আবেদন পরবর্তী ধাপ সম্পন্ন করতে হবে।**

খ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। **এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থীত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। যা পরবর্তীতে পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।**

গ) মুক্তিযোদ্ধা/আদিবাসী কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

কোটা প্রকৃতি	আইওটি (আসন সংখ্যা)	আইসিটি ইন এডুকেশন (আসন সংখ্যা)
মুক্তিযোদ্ধা	২	২
আদিবাসী	১	১

ঘ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১৫০×১৮০ pixels, Image Type: jpg, png এবং maximum file size:200Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর প্রার্থীতা বাতিল করার অধিকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঙ) সঠিক তথ্য পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। আবেদনকারীকে Download Application Slip বাটনে ক্লিক করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

৪) রকেট-এর মাধ্যমে আবেদন ফি জমাদান:

সফলভাবে আবেদন জমা করার পর আবেদন ফরম এ একটি Application ID দেয়া থাকবে। উপরোক্ত Application ID ব্যবহার করে Roket এর মাধমে আবেদন ফি পরিশোধ করতে হবে এবং ফি পরিশোধের পর Website এ Login করে Download Application Slip বাটনে ক্লিক করে কনফার্মেশন স্লিপটির প্রিন্ট কপি সংরক্ষন করতে হবে।

Payment পদ্ধতিঃ

রকেট (ডাচ্ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং)	
ধাপ ১	Go to your Rocket Mobile Menu by dialing *322#
ধাপ ২	Choose 1.Bill Pay
ধাপ ৩	Choose 1.Self or 2.Others
ধাপ ৪	Choose 0.Other
ধাপ ৫	Enter Biller ID number : 2727
ধাপ ৬	Enter Your Bill Number: Application ID
ধাপ ৭	Enter the bill amount : 450
ধাপ ৮	Now enter your Rocket Mobile Menu "PIN" to confirm
ধাপ ৯	Done! You will receive a confirmation message from 16216

৫) **ফলাফল প্রক্রিয়াঃ** প্রার্থীর Result আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সঠিকভাবে সফল হওয়া আবেদনকারীকে ভর্তির প্রক্রিয়া পরবর্তীতে এ ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) বিস্তারিতভাবে জানানো হবে।

বিঃদ্রঃ

- প্রথম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস আগামী জানুয়ারী ২০২০ এ দ্বিতীয় রোববার থেকে গাজীপুর জেলার কালিয়াকৈর-এ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে শুরু হবে।
- ভর্তিকৃত শিক্ষার্থীদের কোন ধরনের আবাসিক সুবিধা প্রদান করা হবে না।
- ভর্তি সংক্রান্ত সকল তথ্য (সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত) ০১৫৫০০৫০৮৩৫ নম্বরে ফোন করে জানা যাবে।
- ভতি সংক্রান্ত সকল তথ্য প্রার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

এই ভর্তি কার্যক্রমের সকল নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত

মোঃ আশরাফ উদ্দিন

রেজিস্ট্রার (চলিত দায়িত্ব)